

ত্রী আল-কাহফ | Al-Kahf | اَلْكَهُف

আয়াতঃ ১৮:৩৩

া আরবি মূল আয়াত:

كِلتَا الجَنَّتَينِ أَتَت أُكُلَهَا وَ لَم تَظلِم مِّنهُ شَيئًا وَّ فَجَّرِنَا خِلْلَهُمَا نَهَرًا ﴿ ٣٣﴾

উভয় বাগান ফল দিয়েছে, তাতে কিছুই ত্রুটি করেনি এবং আমি উভয়ের মাঝ দিয়ে নদী প্রবাহিত করেছি। — আল-বায়ান

দু'টো বাগানই ফল দিত, এতে এতটুকু ত্রুটি করত না। এ দু'য়ের মাঝে আমি ঝর্ণাধারা প্রবাহিত করেছিলাম। — তাইসিকল

উভয় উদ্যানই ফল দান করত এবং এতে কোন ত্রুটি করতনা এবং উভয়ের ফাঁকে ফাঁকে প্রবাহিত করেছিলাম নহর। — মুজিবুর রহমান

Each of the two gardens produced its fruit and did not fall short thereof in anything. And We caused to gush forth within them a river. — Sahih International

৩৩. উভয় বাগানই ফল দান করত এবং এতে কোন ত্রুটি করত না। আর আমরা উভয়ের ফাঁকে ফাঁকে প্রবাহিত করেছিলাম নহর।

তাফসীরে জাকারিয়া

- (৩৩) উভয় বাগানই ফল দান করত এবং এতে কোন ত্রুটি করত না।[1] আর উভয়ের ফাঁকে ফাঁকে প্রবাহিত করেছিলাম নদী। [2]
 - [1] অর্থাৎ, ফল-ফসল উৎপাদনে কোন কমি না করে পরিপূর্ণরূপে ফসল দান করত।
 - [2] যাতে বাগানের সেচের ব্যাপারে যেন কোন বাধা সৃষ্টি না হয় অথবা বৃষ্টির পানির উপর নির্ভরশীল অঞ্চলের মত যেন বৃষ্টির মুখাপেক্ষী না হয়।

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2173

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন